অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

পাঁচটি দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণ প্রকল্পের জন্য গভর্নর হোকলের 16.6 মিলিয়ন ডলার বরাদ্দ করার ঘোষণা

প্রকল্পগুলো নবায়নযোগ্য জ্বালানি আহরণ করতে এবং সংরক্ষণকৃত জ্বালানি নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডে প্রদান করতে সাহায্য করবে

দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণ সমস্যা সমাধানের জন্য আরো 17 মিলিয়ন ডলার এখন লভ্য হয়েছে

2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট জ্বালানি সংরক্ষণের স্থাপনা নির্মাণ করার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্য পূরণে সহায়ক এবং আরো 6,000 মেগাওয়াট পর্যন্ত উন্নয়নের ক্ষেত্রে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল পাঁচটি দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণ প্রকল্পের জন্য 16.6 মিলিয়ন ডলার অনুদান প্রদানের ঘোষণা দিয়েছেন, যে প্রকল্পগুলো নবায়নযোগ্য জ্বালানিকে কাজে লাগাতে এবং সংরক্ষণকৃত জ্বালানি নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডের জন্য প্রদান করতে সাহায্য করবে। এছাড়াও স্কেলযোগ্য উদ্ভাবনমূলক দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণ প্রযুক্তি, যেমন হাইড্রোজেনের বিকাশ ও বাস্তবায়নকে এগিয়ে নিয়ে যাওয়া প্রকল্পগুলোর জন্য আরো 17 মিলিয়ন ডলারের প্রতিযোগিতামূলক তহবিল লভ্য রয়েছে বলে গভর্নর হোকল ঘোষণা করেছেন। এসব প্রকল্প 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট জ্বালানি সংরক্ষণের স্থাপনা নির্মাণের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্য পূরণে সহায়তা করবে এবং একইসাথে 6,000 মেগাওয়াট পর্যন্ত উন্নয়নের ক্ষেত্রে সাহায্য করবে।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করা এবং একটি নির্মল জ্বালানি অর্থনীতির দিকে উত্তরণের জন্য জ্বালানি সংরক্ষণের উপায়গুলো রূপান্তরের জন্য উদ্ভাবনমূলক, দূরদৃষ্টিসম্পন্ন প্রচেষ্টা গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক নির্মল জ্বালানি খাতে সাহসী বিনিয়োগ করছে, এবং নবায়নযোগ্য জ্বালানি এবং যথাযথভাবে ব্যবহার না হওয়া দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণের সমাধানগুলো কাজে লাগানো প্রকল্পগুলোর জন্য এই 16.6 মিলিয়ন ডলারের অনুদান স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও জ্বালানি লক্ষ্য পূরণের ক্ষেত্রে একটি যুগান্তকারী ভূমিকা রাখবে। নতুন ও আরো বেশি টেকসই জ্বালানি সংরক্ষণ প্রযুক্তিগুলো এগিয়ে

নিয়ে যাওয়ার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কের জন্য একটি অধিকতর নির্মল, সবুজতর ভবিষ্যত নিয়ে আসতে যাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটিতে 2022 সালের অ্যাডভান্সড এনার্জি কনফারেন্সে (Advanced Energy Conference) গভর্নর হোকল আজ এই ঘোষণা দিয়েছেন। এসব অনুদান এবং নতুন তহবিল নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) দ্বারা পরিচালিত নবায়নযোগ্য জ্বালানি অপ্টিমাইজেশন এবং জ্বালানি সংরক্ষণ বিষয়ক উদ্ভাবনমূলক কর্মসূচির (Renewable Optimization and Energy Storage Innovation Program) মাধ্যমে প্রদান করা হচ্ছে। এসব অনুদান ও তহবিল নবায়নযোগ্য জ্বালানির অন্তর্ভুক্তিকরণকে এগিয়ে নিয়ে যাবে এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতার কারণে তৈরি হওয়া ক্ষতিকর নির্গমন কমিয়ে আনবে। 16.6 মিলিয়ন ডলারের এসব অনুদান নিম্নলিখিত প্রকল্পগুলোকে সহায়তা করবে:

- **বোরেগো সোলার সিস্টেমস, ইনক. (Borrego Solar Systems, Inc.) - 2.7 মিলিয়ন ডলার-** জিংক সংকর প্রযুক্তি যে অর্থনৈতিক দিক থেকে লিথিয়াম-আয়ন প্রযুক্তির সঙ্গে প্রতিযোগিতা করতে পারে সে বিষয়টি প্রদর্শন করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সিটিতে দুইটি পৃথক জ্বালানি সংরক্ষণ ব্যবস্থা উন্নয়ন, নকশা প্রণয়ন ও নির্মাণ করা এবং ছয়-ঘণ্টা ব্যাপী জিংক সংকর ক্যাথোড-জ্বালানি সংরক্ষণ ব্যবস্থার মাঠপর্যায়ে কার্যকারিতা প্রদর্শন সম্পন্ন করার জন্য।
- **JC সলিউশন্স, LLC (JC Solutions, LLC) যা RCAM টেকনোলজিস (RCAM Technologies) নামে ব্যবসা পরিচালনা করছে - 1.2 মিলিয়ন ডলার** - 3D কংক্রিট দিয়ে প্রিন্ট করা একটি মেরিন পাম্পড হাইড্রোইলেক্ট্রিক স্টোরেজ সিস্টেম উন্নয়নের জন্য, যেটি গ্রিডের সহনশীলতার ক্ষেত্রে সহায়তা করতে এবং পিক সময়ে বিদ্যুতের চাহিদা পূরণের জন্য জীবাশ্ম জ্বালানি দ্বারা চালিত প্লান্টগুলোর উপর নির্ভরতা কমানোর জন্য সরাসরি উপকূলীয় বায়ুশক্তি উন্নয়ন প্রকল্পের সঙ্গে একীভুত হবে।
- **নাইন মাইল পয়েন্ট নিউক্লিয়ার স্টেশন, LLC(Nine Mile Point Nuclear Station, LLC)- 12.5 মিলিয়ন ডলার** - নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটর (New York Independent System Operator) বৈদ্যুতিক গ্রিড থেকে নির্গমন কমিয়ে আনতে সাহায্য করার জন্য দীর্ঘমেয়াদে হাউড্রোজেন শক্তি সংরক্ষণের ইউনিট সহ পারমাণবিক-হাইড্রোজেন চালিত সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন প্রদর্শনের জন্য।
- **পাওয়ার টু হাইড্রোজেন (Power to Hydrogen)** - **100,000 ডলার -** হাইড্রোজেন উৎপাদন এবং জ্বালানি সংরক্ষণের জন্য ক্লিন এনার্জি ব্রিজ (Clean Energy Bridge) নামক একটি রিভার্সযোগ্য ফুয়েল সেল সিস্টেম উন্নয়ন করতে এবং প্রদর্শন ও বাণিজ্যিক ব্যবহারের সিস্টেম প্রস্তুত হয়ে উঠা সহজতর করতে সাহায্য করতে।
- **রোসেরা, LLC (ROCCERA, LLC) - 100,000 ডলার -** সংশ্লিষ্ট স্কেলযোগ্য, আরো বেশি কর্মক্ষম উৎপাদন প্রক্রিয়ার সাথে একসঙ্গে নির্মল হাইড্রোজেন উৎপাদনের

জন্য একটি নতুন বাণিজ্যিক উপযুক্ততাসম্পন্ন সলিড অক্সাইড ইলেক্ট্রোলাইজার সেল মূল্যায়ন ও প্রদর্শনের জন্য।

বাড়তি 17 মিলিয়ন ডলারের প্রতিযোগিতামূলক তহবিল জ্বালানি সংরক্ষণ খাতের আরো বেশি পণ্য উন্নয়ন ও প্রদর্শনকে উৎসাহিত করবে যেগুলোর রেটেড ক্ষমতার সময়কাল 10 থেকে 100 ঘণ্টারও বেশি হবে, যেগুলো দীর্ঘমেয়াদী জ্বালানির স্টোরেজ হিসেবেও পরিচিত। জমা দেওয়া প্রকল্পগুলোকে হাইড্রোজেন, ইলেক্ট্রিক, কেমিক্যাল, মেকানিক্যাল বা থার্মাল-ইলেক্ট্রিক স্টোরেজ প্রযুক্তি এগিয়ে নেওয়া, উন্নয়ন বা মাঠ-পর্যায়ে পরীক্ষা করা নিয়ে কাজ করতে হবে, যে প্রযুক্তি নিউ ইয়র্ক সিটিতে খরচ, কর্মক্ষমতা, সাইট স্থাপন ও নবায়নযোগ্য জ্বালানি অন্তর্ভুক্তিকরণের চ্যালেঞ্জগুলো, যেমন গ্রিড কনজেশন, ধারণক্ষমতার সীমাবদ্ধতা এবং লিথিয়াম-আয়ন সাইট স্থাপন ইত্যাদি মোকাবেলা করবে। জমা দেওয়া প্রকল্পগুলোর মধ্যে অবশ্যই কেবল এখনো বাণিজ্যিকীকরণ করা হয়নি এমন উদ্ভাবনমূলক, দীর্ঘমেয়াদী জ্বালানি সংরক্ষণ প্রযুক্তি অন্তর্ভুক্ত থাকতে হবে। নিম্নলিখিত শ্রেণির প্রকল্পগুলোর জন্য অনুদান প্রদান করা হবে: পণ্য উন্নয়ন, প্রদর্শনমূলক প্রকল্প এবং ফেডারেল ব্যয়-শেয়ার করা। 17 অক্টোবর, 2022 তারিখ পর্যন্ত প্রস্তাবগুলো গ্রহণ করা হবে। এই সলিসিটেশন সম্পর্কে আরো বিস্তারিত তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি ডোরিন এম. হ্যারিস বলেন, "এসব প্রকল্পের মাধ্যমে সামনে এগিয়ে যাওয়া প্রযুক্তি ও প্রক্রিয়াসমূহ আমাদের নির্মল জ্বালানির দিকে উত্তরণের ক্ষেত্রে সহায়তা করবে এমন পণ্য উন্নয়ন ও সমাধান নিয়ে আসা উদ্ভাবনগুলোকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার প্রতিনিধিত্ব করে। সংরক্ষণকৃত নবায়নযোগ্য সৌর বা বায়ুজ্বালানি যাতে দীর্ঘসময় ধরে লভ্য থাকে এবং ভবিষ্যতের একটি নির্ভরযোগ্য গ্রিড নিশ্চিত করার জন্য কাজে লাগানো যায় সে বিষয়টি নিশ্চিত করতে এধরনের তহবিল সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

দীর্ঘমেয়াদী সংরক্ষণ প্রযুক্তি, যেমন হাইড্রোজেন-ভিত্তিক প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করা স্টেটের সামগ্রিক ডিকার্বনাইজেশন কৌশল বাস্তবায়ন এবং নির্গমন কমিয়ে আনা এবং নবায়নযোগ্য সংস্থানগুলোকে আরো বেশি একীভূত করার ক্ষেত্রে হাইড্রোজেনের ভূমিকা অনুসন্ধানের ক্রিয়াকলাপ সম্পন্ন করার ক্ষেত্রে সহায়ক হবে। এসব ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে:

- গভর্নর হোকল NYSERDA, নিউ ইয়র্ক স্টেটের জনসেবা বিভাগ (Department of Public Service) এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগকে (Department of Environmental Conservation) নির্গমন হ্রাস ও স্বাস্থ্য সুবিধাসমূহ পরিমাপের জন্য একটি নিয়ন্ত্রণমূলক নির্মল হাইড্রোজেন ফ্রেমওয়ার্ক উন্নয়নের দায়িত্ব প্রদান করেছেন। আরো সুনির্দিষ্ট পদক্ষেপগুলোর মধ্যে রয়েছে:
-নির্মল হাইড্রোজেনের নিরাপদ কার্যপরিচালনা নিশ্চিত করতে বিধিমালা ও মানদণ্ড মূল্যায়ন ও প্রণয়ন।

-সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে দূষণ সৃষ্টিকারী ব্যাকআপ জেনারেটরগুলো প্রতিস্থাপনে সাহায্য করতে স্থানীয় মালিকানাধীন নির্মল হাইড্রোজেন-চালিত মাইক্রোগ্রিড সমাধানগুলোতে সহায়তা করতে কর্মসূচি উন্নয়ন।
-প্রতিযোগিতামূলক সলিসিটেশনগুলোর পণ্য উন্নয়ন, পাইলট কর্মসূচি ও ফলাফল প্রদর্শনের ক্ষেত্রে সহায়তা করার জন্য 27 মিলিয়ন ডলারের NYSERDA হাইড্রোজেন ইনোভেশন তহবিল চালু করা।
-ডিস্ট্রিক্টের হিটিং ও কুলিং এর ক্ষেত্রে নির্মল হাইড্রোজেন ব্যবহার প্রদর্শন।
-নিউ ইয়র্ক স্টেটে কার্যক্রম সম্প্রসারণ করতে আগ্রহী ক্লিন হাইড্রোজেন ফার্মগুলোর জন্য একটি নির্মল হাইড্রোজেন বিষয়ক পুরস্কার কর্মসূচি (Clean Hydrogen Prize Program) চালু করা।

- 2021 সালের ফেডারেল অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের অধীনে হাইড্রোজেন হাব সংক্রান্ত তহবিল অর্জন এবং একটি আঞ্চলিক নির্মল হাইড্রোজেন হাব হিসেবে অবস্থান তৈরি করার জন্য একটি প্রস্তাব প্রণয়ন করতে NYSERDA নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর সাথে সহযোগী হয়ে, কানেক্টিকাট, মেইন, ম্যাসাচুসেটস, নিউ জার্সি এবং রোড আইল্যান্ড সহ 60টিরও বেশি অংশীদার নিয়ে গঠিত একটি কোয়ালিশনের নেতৃত্ব দিচ্ছে।
- হাইড্রোজেন সম্পর্কিত বিষয়গুলো নিয়ে সচেতনতা ও শিক্ষার প্রসার ঘটাতে, NYSERDA ব্যাপক পর্যায়ে স্টেকহোল্ডারদের সম্পৃক্ততায় সহায়তা করছে, নিউ ইয়র্ক স্টেটে হাইড্রোজেন বিষয়ক বিজ্ঞানের অবস্থান (State of the Science on Hydrogen in New York State) শীর্ষক ধারাবাহিক ওয়েবিনার সিরিজ আয়োজন করেছে এবং নিউ ইয়র্ক স্টেটে হাইড্রোজেনের সম্ভাব্য ভূমিকা অধ্যয়ন, মূল্যায়ন ও অনুধাবনের জন্য বাইরের সংস্থাসমূহের একটি বৈচিত্র্যপূর্ণ দলের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।

নবায়নযোগ্য জ্বালানি বাজারের সঙ্গে অভিযোজন ত্বরান্বিত করতে, NYSERDA-এর নবায়নযোগ্য জ্বালানি অপ্টিমাইজেশন এবং জ্বালানি সংরক্ষণ বিষয়ক উদ্ভাবনমূলক কর্মসূচি এমন সমাধান ও প্রচেষ্টাগুলোতে বিনিয়োগ করছে যা উন্নত কর্মক্ষমতা নিয়ে আসবে, ব্যয় কমাবে, নবায়নযোগ্য জ্বালানির ধারণক্ষমতা বৃদ্ধি করবে এবং গ্রিডের সঙ্গে একীভূতকরণ উন্নত করবে। যেসব সুনির্দিষ্ট খাতের দিকে মনোযোগ দেওয়া হচ্ছে সেগুলোর মধ্যে উদ্ভাবনমূলক স্টোরেজ সিস্টেম উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে যা হার্ডওয়্যারের ব্যয় কমাবে, কর্মক্ষমতা উন্নত করবে, পরোক্ষ ব্যয় কমাবে। অন্যান্য যেসব খাতের দিকে মনোযোগ দেওয়া হচ্ছে সেগুলোর মধ্যে নবায়নযোগ্য জ্বালানি এবং বিতরণকৃত জ্বালানি সংস্থানগুলোর অর্থনৈতিক কার্যকারিতা উন্নত করতে প্রযুক্তিগত অগ্রগতি এগিয়ে নেওয়া এবং পণ্য উন্নয়ন ও ফলাফল প্রদর্শনের মাধ্যমে অন্তর্ভুক্তিকরণের সম্ভাবনা ও নবায়নযোগ্য জ্বালানির ধারণক্ষমতা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়া অন্তর্ভুক্ত রয়েছে। এখন পর্যন্ত, এই কর্মসূচি NYSERDA-এর 225 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ কাজে লাগিয়ে 356টি প্রকল্প উন্নয়নের সুযোগ করে দিয়েছে, যেখানে 956 মিলিয়ন ডলারের বাড়তি বিনিয়োগ এবং 46টি বাণিজ্যিকীকৃত পণ্য তৈরি হয়েছে।

NYSERDA-এর উদ্যোগগুলো স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল জ্বালানি তহবিলের মাধ্যমে অর্থায়ন করা হয়। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418